

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ২, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৪ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ/২৯ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

এস,আর, ও নং-২৯৭-আইন/২০১৬।—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১নং আইন) এর ধারা ৯৬ এর দফা (ড), ধারা ৯৪ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা ইউনিয়ন পরিষদ (পরিষদের আদেশের বিরুদ্ধে আপিলের কর্তৃপক্ষ নির্ধারণ পদ্ধতি) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “আইন” অর্থ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন);

(খ) “ধারা” অর্থ আইনের ধারা।

(২) এই বিধিমালায় অন্য যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে, কিন্তু সংজ্ঞা প্রদান করা হয় নাই, সে সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, এই বিধিমালায়ও উক্ত অর্থ প্রযোজ্য হইবে।

( ১৫০১৭ )

মূল্য : টাকা ৪.০০

৩। আপিল কর্তৃপক্ষ।—পরিষদের কোন আদেশের জন্য আপিল কর্তৃপক্ষ হইবেন সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার।

৪। আদেশের বিরুদ্ধে আপিল।—পরিষদের কোন আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি নিম্নোক্ত পদ্ধতিতে আপিল দায়ের করিতে পারিবেন, যথা:—

- (ক) সংক্ষুব্ধ ব্যক্তি পৃথকভাবে এবং নিজ নামে স্বাক্ষরসহ আপিলের কারণ উল্লেখপূর্বক সরাসরি অথবা ডাকযোগে অথবা ই-মেইল যোগে আপিল দায়ের করিতে পারিবেন;
- (খ) পরিষদের কোন আদেশ প্রদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপিল কর্তৃপক্ষের নিকট যে আদেশের বিরুদ্ধে আপিল করা হইবে উহার প্রত্যাখ্যাত/সার্টিফাইড কপি এবং সরকার কর্তৃক নির্ধারিত মূল্যমানের কোর্ট ফি সংযুক্ত করিতে হইবে।

৫। আপিল নিষ্পত্তিকরণ।—(১) উভয় পক্ষের প্রতি যথাযথ সমন/নোটিশ প্রদানপূর্বক পক্ষগণের ও আপিল আবেদনের উপর প্রাথমিক শুনানী গ্রহণ করিয়া আবেদন ভিত্তিহীন বিবেচিত হইলে আপিল কর্তৃপক্ষ আবেদন না-মঞ্জুর করিতে পারিবেন।

(২) আপিল কর্তৃপক্ষ, ক্ষেত্রমত, শুনানী বা সাক্ষ্য গ্রহণ করিয়া অথবা সংশ্লিষ্ট কাগজপত্র ও রেকর্ড পরীক্ষা করিয়া আপিল আবেদন নিষ্পত্তি করিতে পারিবেন।

(৩) আপিল আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা নিষ্পত্তি করিতে হইবে।

(৪) আপিল আবেদন নিষ্পত্তি করিবার পর আপিল কর্তৃপক্ষ তৎকর্তৃক নির্ধারিত রেজিস্টারে উহা অন্তর্ভুক্তক্রমে আপিল আদেশের কপি সংরক্ষণ করিবে।

৬। আইনজীবী নিয়োগ।—সংক্ষুব্ধ ব্যক্তি স্বয়ং অথবা আইনজীবীর মাধ্যমে শুনানীতে অংশগ্রহণ করিতে পারিবেন।

৭। আপিল আদেশ।—আপিলের উপর নির্ধারিত আপিল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৮। আপিল আদেশ কার্যকরকরণ।—আপিল কর্তৃপক্ষ আদেশ প্রদানের ৭ (সাত) দিনের মধ্যে প্রয়োজনীয় কার্যার্থে উহার একটি কপি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বরাবর এবং অপর একটি কপি সংক্ষুব্ধ ব্যক্তির নিকট প্রেরণ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল মালেক  
সচিব।